


| | | |
|--|---|--------------------------------------|
| ফোনঃ ৯৫৫৫১৩৩ ফ্যাক্সঃ ০০৮-২-৯৫৬৪৭৬৩ |  বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সচিবালয় ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ | Phone: 9555133 Fax: 008-2-9564763 |
|--|---|--------------------------------------|

স্মারক নং -পাউবো/সচি/প্রশাসন-২/১ম-১৯৬/০২(৫মখন্ড)/১৬৫

তারিখঃ ২৯ শ্রাবণ, ১৪২৪ বঃ
১৩ আগস্ট, ২০১৭ খ্রিঃ

দপ্তরাদেশ

গত ২৩-০৩-২০১৭ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, জনাব আনিসুল ইসলাম মাহমুদ এম.পি এর সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত মন্ত্রণালয়ের আওতাধীন ২০১৬-২০১৭ অর্থ বছরের আরএডিপিভুক্ত প্রকল্পসমূহের মাসিক পর্যালোচনা সভার ক্রমিক নং-৭ এ নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী সংস্থা (সময়সীমা) |
|---------|---|--|---|
| ৭. | 'পাবনা জেলার সুজানগর উপজেলার গাজনার বিলের সংযোগ নদী খনন, সেচ সুবিধার উন্নয়ন এবং মৎস্য চাষ (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের বিভিন্ন কাজের বিল চূড়ান্ত করা যাচ্ছে না। ফলে, আরডিপিপি চূড়ান্ত করা সম্ভব হচ্ছে না এবং প্রকল্প বাস্তবায়নে নানা জটিলতা সৃষ্টি হচ্ছে। সভাপতি টেন্ডার ও চুক্তি প্রক্রিয়ায় কোনো অনিয়ম হয়ে থাকলে তা তদন্তপূর্বক প্রতিবেদন দেয়ার জন্য চিফ মনিটরিং এর নেতৃত্বে একটি কমিটি গঠন করার জন্য নির্দেশ প্রদান করেন। কমিটি আগামী আরএডিপি পর্যালোচনা সভার পূর্বে এ বিষয়ে প্রতিবেদন দাখিল করবে। | 'পাবনা জেলার সুজানগর উপজেলার গাজনার বিলের সংযোগ নদী খনন, সেচ সুবিধার উন্নয়ন এবং মৎস্য চাষ (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের টেন্ডার এবং ঠিকাদারের সাথে চুক্তিপ্রক্রিয়ায় কোনো অনিয়ম আছে কি না তা তদন্ত করে মন্ত্রণালয়ে জানাতে হবে। | চিফ মনিটরিং বাপাউবো (এপ্রিল/২০১৭ মাসে অনুষ্ঠিত আরএডিপি পর্যালোচনা সভার পূর্বে)। |

গৃহীত সিদ্ধান্তমতে 'পাবনা জেলার সুজানগর উপজেলার গাজনার বিলের সংযোগ নদী খনন, সেচ সুবিধার উন্নয়ন এবং মৎস্য চাষ (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পের টেন্ডার এবং ঠিকাদারের সাথে চুক্তি প্রক্রিয়ায় কোন অনিয়ম আছে কিনা তা তদন্ত করার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা সমন্বয়ে ১(এক) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হলো :

১) মোতাহার হোসেন : আহবায়ক
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, নকশা
বাপাউবো, ৭২, গ্রীন রোড, ঢাকা।

২। কমিটির কার্যপরিধি (TOR):

- ১) কমিটি আগামী ৩০(ত্রিশ) কর্মদিবসের মধ্যে মতামতসহ একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা বরাবর দাখিল করবে।
- ২) বর্ণিত প্রকল্পের টেন্ডার এবং ঠিকাদারের সাথে চুক্তি প্রক্রিয়ায় কোন অনিয়ম পাওয়া গেলে, কমিটি সুস্পষ্টভাবে তা চিহ্নিত করে দায়-দায়িত্ব নির্ধারণ করবে।
- ৩) তদন্ত কমিটি প্রয়োজনে ১ (এক) জন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। মহাপরিচালক, বাপাউবো, ঢাকা মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

তারিখঃ ২২/৮/১৭

সহকারী প্রোগ্রামার ১/২

নেটওয়ার্ক প্রকৌশলী

অফিস সহকারী

সিস্টেম এনালিস্ট- ১/১

কমিটি সেল, বাপাউবো ঢাকা

তারিখঃ ২০/৮/১৭

জরুরী

প্রয়োজনীয় ব্যবস্থা নিঃ

নথিতে পেশ করুন

নথিতে রাখুন

তাগিদ পত্র দিন

৩০/৮/১৭


(আবদুল খালেক)

সচিব

বাপাউবো, ঢাকা।

পরিচিতি নম্বর: ৬৩০১২০০০১

bwddbsecretary@gmail.com


| | | |
|--|--|--------------------------------------|
| ফোনঃ ৯৫৫৫১৩৩ ফ্যাক্সঃ ০০৮-২-৯৫৬৪৭৬৩ |  বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড সচিবালয় ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০ | Phone: 9555133 Fax: 008-2-9564763 |
|--|--|--------------------------------------|

স্মারক নং -পাউবো/সচি/প্রশাসন-২/১ম-১৯৬/০২(৫মখন্ড)/১৬৫

তারিখঃ ২৯ শ্রাবণ, ১৪২৪ বঃ
১৩ আগস্ট, ২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত মহাপরিচালক (ওয়েস্টার্ন রিজিয়ন) বাপাউবো, ঢাকা (পরবর্তী সদয় Follow up এর নিমিত্ত)।
২. প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
৩. চীফ মনিটরিং, বাপাউবো, ঢাকা।
৪. জনাব ও কমিটির আহ্বায়ক।
৫. সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. উপ-সচিব, ওয়েস্টার্ন রিজিয়ন, বাপাউবো, ঢাকা (এ বিষয়ে পরবর্তী Follow up এর জন্য অনুরোধ করা হলো)।
- ✓ ৭. সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আই সি টি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের জন্য।
৮. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/ইস্টার্ন রিজিয়ন/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।


 (Obaidul Islam)
 উপ-সচিব (প্রশাসন)
 পরিচিতি নম্বর ৬৭০২০১০০৩
 টেলিফোন ৯৫৬১৯৫৯
obaidulislam1967@gmail.com